গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(সাধারণ শাখা)

নম্বর :০৫.৪২.১২০০.০০৮.০০০০.৩৩.১৭.২৬.৫৬৩ তারিখ: ৩১ আগষ্ট ২০২৬

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৬' এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ এর স্মারক নং ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ তারিখ ২৭/০৮/২০২৬খ্রি. মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার ০৯ (নয়) টি উপজেলার প্রতিটি ইউনিয়নে বিদ্যমান ডিলারের পাশাপাশি রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে ১ (এক) জন করে নতুন ডিলার দ্রুত নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | উপজেলার নাম | ইউনিয়ন | ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সদর | ১২ টি | ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, মজলিশপুর, বুধল, সুহিলপুর, তালশহর পূর্ব, নাটাই উত্তর, নাটাই দক্ষিণ, সাদেকপুর, রামরাইল, মাছিহাতা, সুলতানপুর, বাসুদেব, | |
| ২ | সরাইল | ৯ টি | সরাইল, কালিকচ্ছ, চুন্টা, পানিশ্বর, শাহবাজপুর, শাহজাদাপুর, নোয়াগাঁও, পাকশিমুল, অরুয়াইল | |
| ৩ | কসবা | ১১ টি | কসবা পৌরসভা, মূলগ্রাম, মেহারী, বাদৈর, খাড়েরা, কুটি, বিনাউটি, কসবা পশ্চিম, বায়েক, গোপীনাথপুর, কাইমপুর | |
| ৪ | নবীনগর | ২২ টি | নবীনগর পৌরসভা, বড়াইল, বীরগাঁও, কৃষ্ণনগর, নাটঘর, বিদ্যাকুট, নবীনগর পূর্ব, নবীনগর পশ্চিম, বিটঘর, শিবপুর, শ্রীরামপুর, ইব্রাহিমপুর, লাউরফতেহপুর, জিনদপুর, সাতমোড়া, রছুল্লাবাদ, শ্যামগ্রাম, বড়িকান্দি, সলিমগঞ্জ, রতনপুর, কাইতলা উত্তর, কাইতলা দক্ষিণ, | |
| ৫ | নসিরনগর | ১৩ টি | চাতলপাড়, ভলাকুট, কুন্ডা, গোয়ালনগর, নাসিরনগর, বুড়িশ্বর, ফান্দাউক, গুনিয়াউক, চাপরতলা, গোকর্ণ, পূর্বভাগ, হরিপুর, ধরমন্ডল | |
| ৬ | বাঞ্ছারামপুর | ১৪ টি | বাঞ্ছারামপুর পৌরসভা, তেজখালী, পাহাড়িয়াকান্দি, দড়িয়াদৌলত, সোনারামপুর, দড়িকান্দি, ছয়ফুল্লাকান্দি, বাঞ্ছারামপুর উত্তর, আইয়ুবপুর, ফরদাবাদ, রূপসদী, ছলিমাবাদ, উজানচর, মানিকপুর | |
| ৭ | আখাউড়া | ৭ টি | আখাউড়া পৌরসভা, আখাউড়া উত্তর, আখাউড়া দক্ষিণ, মোগড়া, মনিয়ন্দ, ধরখার, বুরিশল | |
| ৮ | আশুগঞ্জ | ৮ টি | আশুগঞ্জ সদর, আড়াইসিধা, তালশহর, দুর্গাপুর, চরচারতলা, শরীফপুর, তারুয়া, লালপুর | |
| ৯ | বিজয়নগর | ১০ টি | বুধন্তি, চান্দুরা, ইছাপুরা, চম্পকনগর, বিষ্ণুপুর, পাহাড়পুর, হরষপুর, চরইসলামপুর, পত্তন, সিঙ্গারবিল | |
| | সর্বমোট | ১০৬ টি | | |

**শর্তাবলি:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতঃপূর্বে ২২/০২/২০২৬ এবং ১৬/০৩/২০২৬ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের অনিষ্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(গ) আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের বিপরীতে 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর নীতিমালায় বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

৩১/০৮/২৬

(ঘ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার /পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিট) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

৯. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র সভাপতি বরাবর জমা দিতে হবে।

১০. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার ডিমান্ড ড্রাফট ১০ (দশ) র্কদিবসের মধ্যে ফেরত প্রদানে ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(ঙ) অযোগ্যতা:

১১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপশি ইতঃপুর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ড প্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

১২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তাশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

১৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

(১) ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত;

(২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া এর দপ্তরে জমা করতে হবে। কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩১০৮/২৬

মোঃ আবুসাঈদ
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি